# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৮০

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৩. যাতে উযু নষ্ট হয় এবং (স্ত্রীকে) স্পর্শ করা ও চুমা দেয়া

بَابُ صِفَةِ مَا يَنْقُضُ الْوُضُوءَ ، وَمَا رُوِيَ فِي الْمُلَامَسَةِ وَالْقُبْلَةِ

---

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، نَا حَاجِبُ بْنُ سُلَيْمَانَ ، نَا وَكِيعٌ ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ ، عَنْ أَبِيهِ ، عَنْ عَائِشَةَ ، قَالَتْ : " قَبَّلَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ بَعْضَ نِسَائِهِ ، ثُمَّ صَلَّى ، وَلَمْ يَتَوَضَّأْ " . ثُمَّ ضَحِكَتْ . تَفَرَّدَ بِهِ حَاجِبٌ عَنْ وَكِيعٍ ، وَوَهِمَ فِيهِ ، وَالصَّوَابُ : عَنْ وَكِيعٍ بِهَذَا الْإِسْنَادِ : " أَنَّ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ كَانَ يُقَبِّلُ وَهُوَ صَائِمٌ " . وَحَاجِبٌ لَمْ يَكُنْ لَهُ كِتَابٌ ، إِنَّمَا كَانَ يُحَدِّثُ مِنْ حِفْظِهِ

বাংলা

৪৮০(৯). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কোন স্ত্রীকে চুমা দিলেন, অতঃপর নামায পড়লেন, কিন্তু (পুনরায়) উযু করেননি। তারপর আয়েশা (রাঃ) হেসে দিলেন।

হাজেব (রহঃ) একা ওয়াকী (রহঃ) থেকে এই হাদীস বর্ণনা করেছেন এবং তাতে ভুল করেছেন। যথার্থ হলো, ওয়াকী (রহঃ) থেকে এই সূত্রে বর্ণিতঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রোযা অবস্থায় (তাঁর স্ত্রীকে) চুমা দিতেন। হাজেব (রহঃ)-এর কোন লিখিত কিতাব ছিলো না, তিনি তার স্মৃতি থেকে হাদীস বর্ণনা করতেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80269

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন